

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

৩ জুন ২০১৭

বিশিষ্ট মানবাধিকার কর্মী সুলতানা কামালকে হেফাজতে ইসলামের হুমকি: হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর তীব্র নিন্দা ও গভীর ক্ষোভ

বিশিষ্ট মানবাধিকার কর্মী, মুক্তিযোদ্ধা, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এবং আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর প্রাক্তন নির্বাহী পরিচালক অ্যাডভোকেট সুলতানা কামালকে ধর্মভিত্তিক রাজনৈতিক সংগঠন হেফাজতে ইসলাম কর্তৃক প্রকাশ্যে হুমকি প্রদান ও সরকারের কাছে চব্বিশ ঘণ্টার মধ্যে গ্রেফতারের দাবি জানানোর ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে।

বিভিন্ন গণমাধ্যম সূত্রে জানা যায়, ২ জুন ২০১৭, শক্রবার জুম্মার নামাজ শেষে বায়তুল মোকাররমের উত্তর গেটে আয়োজিত হেফাজতে ইসলামের এক বিক্ষোভ সমাবেশ থেকে সংগঠনটির ঢাকা মহানগরের সহ-সভাপতি জুনায়েদ আল হাবীব এই দাবি জানান। তিনি গ্রেফতার করা না হলে সুলতানা কামালকে দেশের বাইরে পাঠিয়ে দেয়ার জন্য বলেন। এছাড়াও একই সমাবেশ থেকে সুলতানা কামালকে নানা অকথ্য ভাষায় হুমকি দেয়া হয়েছে বলে বিভিন্ন গণমাধ্যমসূত্রে জানা গেছে। সম্প্রতি একটি বেসরকারি চ্যানেলের একটি টক শোতে সুপ্রীম কোর্ট প্রাক্তন থেকে ভাস্কর্য অপসারণ সম্পর্কে দেয়া সুলতানা কামালের বক্তব্যের অপব্যখ্যা করে হেফাজতে ইসলামের মতো একটি উগ্র সাম্প্রদায়িক সংগঠনের এ ধরনের হুমকি প্রদানের স্পর্ধা আমাদের হতবাক করে দিয়েছে। হেফাজতের এ দাবীর প্রেক্ষিতে আমরা অত্যন্ত ক্ষুব্ধ প্রতিবাদ জানাই। আমরা সরকারের কাছে এ প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর এরূপ জঙ্গি আচরণের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নেয়ার জন্য জোর দাবী রাখছি।

বাক স্বাধীনতা ও মত প্রকাশের স্বাধীনতা এ দেশের সকল নাগরিকের সাংবিধানিক অধিকারের পাশাপাশি সরকারের আন্তর্জাতিক অঙ্গিকার। আমরা মনে করি, এই অধিকার চর্চার অপব্যখ্যা করে জীবনের নিরাপত্তার হুমকিসহ এ ধরনের জঘন্য হুঁকার যদি সহ্য করা হয় তবে তা বাংলাদেশের মুক্তিযুদ্ধের চেতনা ও এ দেশের মানুষের গণতান্ত্রিক অগ্রযাত্রার স্বপ্ন সমূলে ধুলিসাৎ করবে। আমরা এর আইনানুগ প্রতিকার ও যথাযথ প্রক্রিয়ায় দৃষ্টান্তমূলক শাস্তি চাই। পাশাপাশি সুলতানা কামালের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য পর্যাপ্ত কার্যকর ব্যবস্থা গ্রহণে সরকারকে আহ্বান করছি।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mohila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)